Ministry of Water Resources
Government of the
People's Republic of Bangladesh

UN WATER
22 MARCH
WORLD WATER DAY 2023

"Accelerating Change to Solve the Water and Sanitation Crisis"

WORLD WATER DAY 2023

Accelerating Change



“যতকাল রবে পদ্মা, মেঘনা
গৌরী, যমুনা বহমান
ততকাল রবে কীর্তি তোমার
শেখ মুজিবুর রহমান”

দেশের ভৌগোলিক ও ভূপ্রকৃতির অবস্থা বিবেচনা করে উন্নয়ন প্রকল্প হাতে নেওয়া হয়। দেশের ভূগর্ভস্থ পানি কম ব্যবহার করে ভূ-উপরিস্থ পানি যাতে বেশি ব্যবহার করা যায়, সেদিকে লক্ষ্য রেখে সরকার পরিকল্পনা নিচ্ছে।

(বিশ্ব পানি দিবস ২০২২ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ থেকে উদ্ধৃত)

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

রাষ্ট্রপতি

বাণী

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।
০৮ চৈত্র ১৪২৯
২২ মার্চ ২০২৩

পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক 'বিশ্ব পানি দিবস ২০২৩' উদযাপনের উদ্যোগকে আমি স্বাগত জানাই। জাতিসংঘ ঘোষিত বিশ্ব পানি দিবসের এবারের প্রতিপাদ্য 'Accelerating change to solve the water and sanitation crisis' বৈশ্বিক পানি ব্যবস্থাপনার উন্নয়ন ও স্যানিটেশন নিশ্চিতের প্রেক্ষাপটে যথার্থ হয়েছে বলে আমি মনে করি।

বিশুদ্ধ, নিরাপদ ও সুপেয় পানি মানুষসহ বিশ্বের সকল প্রাণীকূলের জীবনধারণের জন্য অপরিহার্য। উৎস হতে সমুদ্র অবধি পানির অবারিত প্রবাহ ও ন্যায়সঙ্গত ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমেই পানির সুষম প্রাপ্যতা ও ব্যবস্থাপনার উন্নয়ন সম্ভব। নদীমাতৃক বাংলাদেশে মনুষ্যসৃষ্ট ও প্রাকৃতিক নানাবিধ কারণে পানীয় জল ও স্যানিটেশনের সংকট বিদ্যমান। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় সরকার নদী ও খাল পুনঃখনন, প্রাকৃতিক জলাধার রক্ষণাবেক্ষণ এবং নতুন জলাধার ও ব্যারেজ নির্মাণের কার্যক্রম গ্রহণ করেছে। এছাড়া নদীর তীর সংরক্ষণ, পানি অবকাঠামো সংস্কার করে জলাবদ্ধতা দূরীকরণ, ভূমি পুনরুদ্ধার, অবৈধ স্থাপনা উচ্ছেদ ও অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনার মাধ্যমে মানুষের জীবনমান উন্নয়ন এবং পরিবেশ ও প্রতিবেশগত ভারসাম্য রক্ষার প্রচেষ্টা চলমান। স্থানীয় পর্যায়ে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে দেশের জলাধারসমূহে বছরজুড়ে পানি সংরক্ষণ পরিকল্পনা এ ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখতে পারে। আমি প্রাকৃতিক সম্পদ পানির পরিকল্পিত ব্যবহার নিশ্চিতকরণে সরকারি-বেসরকারি সকল সংস্থাকে সমন্বিত উদ্যোগ গ্রহণের আহ্বান জানাই।

আমি 'বিশ্ব পানি দিবস ২০২৩' উপলক্ষ্যে গৃহীত সকল কার্যক্রমের সাফল্য কামনা করছি।

জয় বাংলা।
খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

বাণী

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৮ চৈত্র ১৪২৯
২২ মার্চ ২০২৩

'বিশ্ব পানি দিবস ২০২৩' উপলক্ষে নদীমাতৃক বাংলাদেশের জনগণ ও পানি সম্পদ ব্যবস্থাপনার সঙ্গে জড়িত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানাই। বিশ্ব পানি দিবসের এ বছরের প্রতিপাদ্য 'Accelerating change to solve the water and sanitation crisis'- পানির সঠিক ব্যবহার ও স্যানিটেশন ব্যবস্থার গুরুত্বকে তুলে ধরেছে।

বাংলাদেশের বিস্তৃত ভূখণ্ডের উপর দিয়ে বহমান নদ-নদী, হাওড়-বাঁওড়, বিল-ঝিল, পুকুর-দিঘি, বৈচিত্র্যপূর্ণ বিপুল সংখ্যক ছোট-বড় জলধারার পানি ব্যবস্থাপনা ও উন্নয়নে পানি সম্পদ মন্ত্রণালয় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। প্রতিটি পানির ফোটার সর্বোত্তম ব্যবহারই নিশ্চিত করতে পারে সার্বজনীন পানি প্রাপ্যতা, পানির ন্যায়ভিত্তিক বন্টন ও ব্যবস্থাপনা। জলবায়ু পরিবর্তনের বৈশ্বিক প্রেক্ষাপট বিবেচনায় প্রতিটি মানুষকে তাঁর পানি ব্যবহার এবং ব্যবস্থাপনা পদ্ধতি পরিবর্তন করার লক্ষ্যে নিজস্ব অবস্থান হতে পদক্ষেপ নিতে উৎসাহিত করা জরুরি।

টেকসই উন্নয়নে লক্ষ্যমাত্রা-২০৩০ অর্জনের অগ্রযাত্রায় বাংলাদেশ পানি ব্যবস্থাপনা, স্যানিটেশন, কৃষিকাজ, শিল্পাখাত ও বাস্তুচ্যুত বজায় রেখে ক্রমবর্ধমান জনসংখ্যার পানি চাহিদা পূরণ করে যাচ্ছে। এছাড়া, জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ এবং প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি মোকাবিলায় আমাদের সরকার পানি অবকাঠামো সংস্কার, নদীর তীর সংরক্ষণ, নদীর নাব্যতা রক্ষার্থে ড্রেজিং, খাল পুনঃখনন, প্রাকৃতিক জলধার রক্ষণাবেক্ষণ এবং নতুন জলাধার ও ব্যারেজ নির্মাণের কার্যক্রম গ্রহণ করেছে। একই সাথে নদীর তীরবর্তী ভূমি পুনরুদ্ধার করে বনায়ন, অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং জলবদ্ধতা দূরীকরণে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম অব্যাহত আছে।

আওয়ামী লীগ সরকার আগামী ১০০ বছরে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রাকে অনন্য মাত্রায় নিয়ে যাওয়ার জন্য প্রণয়ন করেছে 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০'। অভিযোজনভিত্তিক কারিগরি এবং অর্থনৈতিক এ মহাপরিকল্পনায় জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ঝুঁকিহ্রাস করে পানি সম্পদের সর্বোত্তম ব্যবস্থাপনা, ভূমি ব্যবহার এবং পরিবেশ-প্রতিবেশ উন্নয়নের অঞ্চলভিত্তিক কর্মপন্থা নির্ধারণ করা হয়েছে। আমাদের পানি সম্পদ ব্যবস্থাপনা ও পানি ব্যবহার শৃঙ্খলা প্রবর্তনের লক্ষ্যে ইতোমধ্যে জাতীয় পানি নীতি প্রণীত হয়েছে। পানি নীতি প্রণয়নের মাধ্যমে বাংলাদেশ আন্তর্জাতিকভাবে স্বীকৃত পানি ব্যবস্থাপনার নিয়ম, নীতি ও মানের নিরিখে উন্নয়নগামী দেশের অর্থনৈতিক এবং সামাজিক চাহিদার সমন্বয় সাধনে সক্ষম হয়েছে। এছাড়া, ভূগর্ভস্থ পানি অতিরিক্ত ব্যবহার বন্ধে নানাবিধ কার্যক্রম গৃহীত হয়েছে।

দেশের প্রতিটি মানুষের ন্যায়সঙ্গত পানির প্রাপ্যতা নিশ্চিত করতে সরকারি-বেসরকারি পর্যায়ের সকলের দক্ষতা, সৃজনশীলতা, উদ্ভাবনী চিন্তা এবং এর যথাযথ প্রয়োগ অপরিহার্য। সম্মিলিত প্রচেষ্টায় আমরা 'স্মার্ট বাংলাদেশ' তথা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজীবন স্বপ্নের 'সোনার বাংলাদেশ' গড়ে তুলতে সক্ষম হব।

আমি 'বিশ্ব পানি দিবস ২০২৩' উদযাপন উপলক্ষে গৃহীত সকল কার্যক্রমের সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

প্রতিমন্ত্রী
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

বাণী

পানি এক মহামূল্যবান প্রাকৃতিক সম্পদ। বিশ্বব্যাপী পানির যথোপযুক্ত ও টেকসই ব্যবহার এবং নিরাপদ ও সুপেয় পানির সংকট নিরসনকল্পে ১৯৯৩ সালে জাতিসংঘ ২২ মার্চ কে বিশ্ব পানি দিবস হিসেবে ঘোষণা করে। সে থেকে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও প্রতিবছর ২২ মার্চ বিশ্ব পানি দিবস হিসেবে পালিত হয়ে আসছে। এবারের বিশ্ব পানি দিবসের প্রতিপাদ্য বিষয়: "Accelerating change to solve the water & sanitation crisis".

পৃথিবীর সুপেয় পানির প্রায় ৫০ ভাগ, সেচের ৪০ ভাগ এবং শিল্পের এক তৃতীয়াংশ পানি ভূ-গর্ভ হতে আহরিত হয়। সে লক্ষ্যে বাস্তুতন্ত্রের ভারসাম্য রক্ষা, জলবায়ু পরিবর্তন জনিত অভিঘাত সমুহ বিবেচনা করে শহর ও গ্রামীণ এলাকায় বসবাসকারী জনগোষ্ঠীর মৌলিক নিরাপদ পানির প্রাপ্যতা এবং স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা অত্যন্ত জরুরি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশকে সোনার বাংলা গড়ে তোলার যে স্বপ্ন দেখেছিলেন, সে স্বপ্ন বাস্তবায়নে তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা "ব-দ্বীপ পরিকল্পনা- ২১০০" প্রণয়ন করেছেন। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের পরিবেশবান্ধব টেকসই উন্নয়নের অগ্রযাত্রাকে এগিয়ে নিতে পানি সম্পদের সুষ্ঠু ব্যবহার ও যথাযথ ব্যবস্থাপনার কোন বিকল্প নাই। আমাদের সম্মিলিত প্রয়াসে ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে অদৃশ্য ভূগর্ভস্থ পানির গুরুত্ব সর্বসমক্ষে দৃশ্যমান করে তুলতে হবে।

টেকসই উন্নয়ন অভীস্টের ৬ নম্বর লক্ষ্যে উল্লেখ করা হয়েছে "নিরাপদ পানি ও স্যানিটেশন: পরিকল্পিত পানির উৎস সংরক্ষনের উদ্যোগ, দক্ষ পানি ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে সমাজের সকল শ্রেনির মানুষের জন্য দীর্ঘমেয়াদে সুপেয় পানি ও স্যানিটেশন নিশ্চিত করা"।

বাংলাদেশের শহর ও গ্রামীণ জনগোষ্ঠির পানিয় জলের অনেক উৎস এখনও দূষণমুক্ত নয়। বাংলাদেশের ৬৪ জেলার মধ্যে ৬০ জেলার প্রায় ১ লক্ষ ২৬ হাজার ১৩৪ বর্গ কিলোমিটার এলাকায় খাওয়ার পানি আর্সেনিক দূষনের শিকার। জলবায়ু সমস্যাজনিত কারণে সমুদ্র জলের অনুপ্রবেশ ও অনিয়ন্ত্রিত পয়ঃনিষ্কাশন ব্যবস্থাও পানি দূষনের অন্যতম কারন। এ সকল সমস্যা কাটিয়ে টেকসই উন্নয়ণ অভীষ্ট- ৬ নম্বর লক্ষ্য অর্জনের জন্য টেকসই প্রযুক্তি উদ্ভাবন ও এর প্রয়োগ, সংশ্লিষ্ট ক্ষেত্রে মানব সম্পদের উন্নয়ন, পরিবেশ বান্ধব পয়ঃনিষ্কাশন ব্যবস্থা এবং বর্জ ব্যবস্থাপনা বিষয়ে গনসচেতনতা সৃষ্টিসহ নানাবিধ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

জলবায়ু পরির্বতনের কারণে বন্যা, নদী ভাঙ্গন, ঘূর্ণিঝড়, জলোচ্ছাস ও বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে বাংলাদেশ প্রতিনিয়ত অর্থনৈতিক ও সামাজিক সমস্যার সম্মুখীন হচ্ছে। এই চ্যালেঞ্জ মোকাবেলা ও ক্ষতিগ্রস্থ মানুষের জীবন ও জীবিকা রক্ষার্থে এবং পানি সম্পদের উন্নয়ন ও সবোর্চ্চ সদ্ব্যবহার, নদীভাঙ্গন রোধ এবং সেচ সুবিধা সম্প্রসারণ, বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, জলাবদ্ধতা রোধ, পানির নাব্যতা বৃদ্ধি এবং ড্রেনেজ ব্যবস্থা শক্তিশালীকরণের লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয় বিভিন্ন কার্যক্রম ও প্রকল্প বাস্তবায়ন করে যাচ্ছে।

বিশ্ব পানি দিবস ২০২৩ এর সফলতা কামনা করছি ও দিবসটি আয়োজনের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

জাহিদ ফারুক, এমপি

বাণী

উপমন্ত্রী
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

'Accelerating change to solve the water and sanitation crisis' প্রতিপাদ্য নিয়ে প্রতিবছরের ন্যায় এবারও ২২ মার্চ উদযাপিত হচ্ছে বিশ্ব পানি দিবস- ২০২৩। পানি সম্পদ, পানি সম্পদের ব্যবহার এবং এর সুরক্ষার উপর সচেতনতা সৃষ্টির জন্য এটি একটি বিশ্বব্যাপী উদ্যোগ। পানি সম্পদ আমাদের সকলের জীবনকে প্রভাবিত করে। এবারের বিশ্ব পানি দিবসে পানি ও স্যানিটেশন সমস্যা সমাধানের উপর গুরুত্বারোপ করা হয়েছে।

জাতিসংঘের মতে প্রায় ২.২ বিলিয়ন মানুষ নিরাপদ পানি এবং ৪ বিলিয়নেরও বেশি মানুষ নিরাপদ স্যানিটেশনের এর জন্য সুবিধা থেকে বঞ্চিত। এই সংকট জনস্বাস্থ্য, অর্থনৈতিক উন্নয়ন এবং পরিবেশের উপর নেতিবাচক প্রভাব ফেলছে। এই সংকট সমাধানে এবারের প্রতিপাদ্য খুবই সময়োপযোগী। পানি সম্পদ ও স্যানিটেশনের সংকট ও এর প্রভাব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, জনসমর্থন, অবকাঠামোতে বিনিয়োগ বৃদ্ধিসহ সরকার ও বিভিন্ন আন্তর্জাতিক ও বেসরকারি সংস্থার সমন্বয় প্রয়োজন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বপ্নের সোনার বাংলা রূপায়নে নদী মাতৃক আবহমান বাংলায় পানি সম্পদ উন্নয়ন খাতে বিশেষভাবে গুরুত্ব দিয়েছিলেন। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাইয়ে টেকসই উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মাঝারি ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করেছে।

বাংলাদেশের পানি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর ভাবনা সুদূরপ্রসারী। তিনি ভবিষ্যত প্রজন্মের জন্য একটি বাসযোগ্য বাংলাদেশ বিনির্মাণে প্রণয়ন করেছেন "শতবর্ষী ডেল্টাপ্লান" যার অধিকাংশ কাজ পানি সম্পদ মন্ত্রণালয় বাস্তবায়ন করবে। দেশকে প্রাকৃতিক বিপর্যয়ের হাত থেকে মুক্ত রাখা এবং মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের গুরুত্ব অনস্বীকার্য। দেশের নদ-নদীসমূহ ড্রেজিং, নদী তীর ভাঙন রোধ, হাওর ও জলাভূমি উন্নয়নে পানি সম্পদ মন্ত্রণালয় যুগোপযোগী প্রকল্প গ্রহণ করছে। পানি সম্পদ মন্ত্রণালয়ের গৃহীত পদক্ষেপসমূহ বাস্তবায়িত হলে পানির সঠিক উন্নয়ন ও ব্যবহার নিশ্চিত হবে বলে আমি বিশ্বাস করি।

বিশ্ব পানি দিবস ২০২৩ আয়োজনের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং এর সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

একেএম এনামুল হক শামীম, এমপি

বাণী

সভাপতি
পানি সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত
সংসদীয় স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ

পানি সম্পদ মন্ত্রণালয়ের উদ্যেগে জাতিসংঘ কর্তৃক ঘোষিত প্রতিপাদ্য 'Accelerating Change to solve the water and sanitation Crisis' কে সামনে রেখে ২২ মার্চ ২০২৩ দেশব্যাপি 'বিশ্ব পানি দিবস' উদ্‌যাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত। ক্রমবর্ধমান জনসংখ্যা, দ্রুত নগরায়ণ অর্থনৈতিক উন্নয়ন এবং জলবায়ু ব্যাপক পরিবর্তনের কারণে মূল্যবান পানি সম্পদ হুমকির সম্মুখীন।

আমাদের জীবন ও জীবিকার প্রয়োজনে কৃষি ও অর্থনীতিসহ উন্নয়নের সকল ক্ষেত্রেই পানির ভূমিকা অপরিসীম। বর্তমান উন্নয়ন বান্ধব সরকার দেশের উন্নয়নে শতবর্ষ মেয়াদী "বাংলাদেশ ডেল্টা প্যান ২১০০" প্রণয়ন করেছে। হাওড় অঞ্চলকে বিশেষ গুরুত্ব দিয়ে "হাওড় মহাপরিকল্পনা" বাস্তবায়ন করেছে। ঢাকা ও চট্টগ্রামের নদী দূষণ রোধ ও নাব্যতা বৃদ্ধির "River Master Plan" প্রণয়ন করেছে। বাংলাদেশ পানি আইন ২০১৩ এর সঠিক ও সুষ্ঠু বাস্তবায়নের সুবিধার্থে "বাংলাদেশ পানি বিধিমালা ২০১৮" প্রণয়ন করেছে।

'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা'-র লক্ষ্যমাত্রা-৬ মোতাবেক ২০২৩ সালের মধ্যে সবার জন্য নিরাপদ পানি নিশ্চিতকরণে প্রকৃতিনির্ভর সমন্বিত পানি ব্যবস্থার গুরুত্ব অপরিসীম। সমন্বিত পানি ব্যবস্থাপনায় জনগণের অংশগ্রহণ, আন্তঃমন্ত্রণালয় ও আন্তঃবিভাগ সমন্বয় ও সমন্বিত কার্যক্রম গ্রহণ, গবেষণা ও প্রযুক্তিগত উৎকর্ণতা অর্জন ইত্যাদির কোন বিকল্প নেই। সমন্বিত ও টেকসই পানি ব্যবস্থাপনার ফলে বর্তমান প্রজন্মের চাহিদা মিটিয়ে ভবিষ্যত প্রজন্মের জন্য সুরক্ষিত পানি সম্পদ রেখে যাওয়া সম্ভব। পানি সম্পদ মন্ত্রণালয়ের অধিনস্থ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডসহ পানি খাতের উন্নয়ন ও সংরক্ষণে নিয়োজিত অপরাপর সংস্থাসমূহ এ লক্ষ্য অর্জনে সচেষ্ট আছে। আমাদের সকলের সম্মিলিত প্রচেষ্টায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লালিত স্বপ্ন 'ক্ষুধা ও দারিদ্রমুক্ত সোনার বাংলা' গড়তে সক্ষম হবে বলে আশাবাদ ব্যক্ত করছি।

দেশের নদীসমূহের নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ, হাওড় অঞ্চলে আগাম বন্যা প্রতিরোধের মাধ্যমে আমরা ২০৪১ সালে একটি উন্নত দেশে পরিণত হতে পারবো, যা হল আমাদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বপ্নের সোনার বাংলা গড়ার দৃঢ় প্রত্যয়।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

রমেশ চন্দ্র সেন, এমপি

বাণী

সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

পানিই জীবন, পানিই সম্পদ। কৃষি, শিল্প, উৎপাদনসহ জীবনের প্রতিটি ক্ষেত্রে পানির গুরুত্ব অপরিসীম। ১৯৯৩ সাল থেকে জাতিসংঘ প্রতিবছর ২২ মার্চকে বিশ্ব পানি দিবস হিসেবে ঘোষণা দিয়েছে এবং যথাযোগ্য মর্যাদায় দিবসটি বিশ্বব্যাপী পালিত হয়ে আসছে। দিবসটিতে প্রতিবছর পানি সম্পদ ও স্যানিটেশন বিষয়ে গুরুত্ব বিবেচনা করে একটি প্রতিপাদ্য নির্ধারণ হয়ে থাকে। বিশ্ব পানি দিবস উপলক্ষ্যে ২০২৩ সালের জন্য প্রতিপাদ্য নির্বাচন করা হয়েছে "Accelerating Change to Solve the Water and Sanitation Crisis." দিবসটি উদ্‌যাপনের মূল উদ্দেশ্য হচ্ছে প্রতিটি দেশে পানি আহরণ, সরবরাহ ও ব্যবহার বিষয়ে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা এবং পানির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করা।

পানিকে কেন্দ্র করে এবং পানি সম্পর্কিত দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রাকৃতিক বিপর্যয়ের ঝুঁকি বিবেচনায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০' নামে একটি অভিযোজনভিত্তিক, দীর্ঘ মেয়াদি, সমন্বিত ও সামষ্টিক মহাপরিকল্পনা ঘোষণা করেছেন। এ মহাপরিকল্পনা পানি সম্পদ ব্যবস্থাপনার ক্ষেত্রে অসাধারণ পথ নির্দেশক। পানি সম্পদ মন্ত্রণালয় ব-দ্বীপ পরিকল্পনা-২১০০ বাস্তবায়নসহ পানি ব্যবস্থাপনার চ্যালেঞ্জ মোকাবেলায় অগ্রণী ভূমিকা পালন করে চলেছে। প্রকৃতির উন্নয়নের মাধ্যমে আমরা প্রাকৃতিক বিভিন্ন সমস্যা সমাধানের উপায় খুঁজতে পারি। এর মধ্যে বৃক্ষ রোপনের মাধ্যমে বনভূমি পুনর্নির্মাণ, নদ-নদীসমূহের স্বাভাবিক গতি ফিরিয়ে আনা, জলাভূমি ও বিলসমূহের পুনরুদ্ধার, ভূ-উপরিস্থ পানি ব্যবস্থাপনা কার্যক্রম গ্রহণ করে পানি চক্র পুনর্গঠনের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা এবং মানব স্বাস্থ্য ও জীবিকার মান উন্নয়ন অন্যতম।

আমি বিশ্ব পানি দিবস ২০২৩ এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি এবং আয়োজনের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই শুভ কামনা।

নাজমুল আহসান

বাণী

মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২২ মার্চ, বিশ্ব পানি দিবস। ব্রাজিলের রিও ডি জেনেরিওতে ১৯৯২ সালে অনুষ্ঠিত জাতিসংঘের পরিবেশ ও উন্নয়ন বিষয়ক সম্মেলনের সুপারিশের ভিত্তিতে জাতিসংঘ ২২ মার্চকে 'বিশ্ব পানি দিবস' হিসেবে ঘোষণার প্রেক্ষিতে ১৯৯৩ সাল থেকে প্রতি বছর বিশ্বের প্রতিটি দেশে এ দিবস পালিত হয়ে আসছে। এ বছর বিশ্ব পানি দিবসের মূল প্রতিপাদ্য হচ্ছে 'Accelerating Change to Solve the Water and Sanitation Crisis'। জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-৬ এর অন্যতম একটি লক্ষ্য হল- 'পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে স্থানীয় জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ ও সুদৃঢ়করণ'। ২০৩০ সালের মধ্যে সকলের জন্য নিরাপদ পানি ও স্যানিটেশন সুবিধা নিশ্চিতকরণে এবং টেকসই উন্নয়রে লক্ষ্যমাত্রা অর্জনে বাংলাদেশ বদ্ধপরিকর।

প্রাণবন্ত সবকিছুর প্রাত্যহিক কর্মকান্ডসহ জীবনের প্রতিটি পর্যায় পানির সাথে ওতপ্রতোভাবে জড়িত। আমরা সকলেই জানি পৃথিবীর মোট পানির মাত্র ২.৫০ শতাংশ হচ্ছে স্বাদু পানি। ভূ-গর্ভস্থ মিঠা পানি পৃথিবীর অর্ধেক জনসংখ্যার সুপেয় পানির প্রাথমিক উৎস। পরিবেশ ও প্রতিবেশগত সেবার পাশাপাশি জীবনধারণের জন্য সহায়ক বাস্তুতন্ত্র রক্ষায় পানি সুরক্ষা অপরিহার্য। পানীয়, খাদ্য উৎপাদন, শিল্প, পয়ঃনিষ্কাশন ব্যবস্থাসহ নানাবিধ ক্ষেত্রে পানির যথেচ্ছ ও অনিয়ন্ত্রিত ব্যবহার পরিলক্ষিত হয়। পানি ও স্যানিটেশন সংকট সমাধান ত্বরান্বিত করতে সবাইকে সম্মিলিতভাবে পদক্ষেপ নিতে হবে। এ সকল বিবেচনায় ২০২৩ সালের বিশ্ব পানি দিবসের প্রতিপাদ্য খুবই তাৎপর্যপূর্ণ বলে আমি মনে করি।

পানি চক্রে পরিবর্তন স্বাস্থ্য থেকে ক্ষুধা, লিঙ্গ সমতা থেকে চাকরি, শিক্ষা থেকে শিল্প, দুর্যোগ থেকে শান্তি প্রায় কল প্রধান বৈশ্বিক ইস্যুতে প্রভাবিত করে। 'Business as Usual' এর পরিবর্তে পানি ও স্যানিটেশন সুরক্ষায় উদ্ভাবনী চিন্তা ও পরিবর্তনকে উৎসাহিত করার বিকল্প নেই। ব্যাক্তি এবং পরিবার, প্রতিষ্ঠান এবং সম্প্রদায় পর্যায়ে পানি ব্যবহার, অপচয় রোধ, দূষণরোধে গৃহীত অতি ক্ষুদ্র প্রয়াস বিশাল একটি পার্থক্য তৈরি করতে পারে। জলবায়ু পরিবর্তন এবং সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির বিরূপ প্রভাবকে মাথায় রেখে সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনার কোন বিকল্প নেই বলে আমি বিশ্বাস করি।

ভবিষ্যতের পানি সম্পদ ব্যবস্থাপনার চ্যালেঞ্জ এবং জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলার জন্য সকলের সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন। এলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে আমাদের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

পরিশেষে আমি বিশ্ব পানি দিবস- ২০২৩ উদযাপনের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

জয় বাংলা।
বাংলাদেশ চিরজীবী হোক।

(মোঃ নূরুল ইসলাম সরকার)
মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Photo: Internet

Sonadia: a beautiful island in Moheshkhali of Cox's Bazar District

Contents

Groundwater Assessment and Monitoring Accelerate Changes to Secure Water Supply in Bangladesh	01
পানি খাতে সুশাসন প্রতিষ্ঠায় বাংলাদেশ পানি আইন, ২০১৩	০৯
National Water Resources Database (NWRD): Central Database of Integrated Water Resources Management	11
Implication of Bangladesh Water Act 2013 and Bangladesh Water Rules 2018 for Accelerating Change	15
Clean or Safe Water: A Big Challenge in Bangladesh	19
Removal of Manganese from Ground Water: Innovation of RRI	25
Bangladesh Delta Plan 2100: RRI Ready to Support Planning and Designing in River Training Works through Smart Technologies	29
বাংলাদেশের হাওর ও জলাভূমি: আমাদের সম্ভবনা	৩৭
Potential for benefit sharing in the Ganges–Brahmaputra–Meghna (GBM) Basin	41
বাংলাদেশের জলবায়ু অভিযোজন: বৈশ্বিক পর্যায়ে স্থানীয় ও উদ্ভাবনী কৌশল প্রণয়ন ও প্রয়োগের শিক্ষণীয় উদাহরন	৪৫
Bangladesh: Its Progress toward Achieving SDG 6.5.1	49
Sustainable Polder Development for Coastal Communities in Bangladesh	53

Sundarbans Mangrove Forest

Groundwater Assessment and Monitoring Accelerate Changes to Secure Water Supply in Bangladesh

Background

Because of its geographic location and low-lying topographic condition, Bangladesh is likely to be extremely vulnerable under the current changing climatic conditions, especially since the water sector and water-dependent agriculture are the most sensitive. The importance of groundwater irrigation increased with the introduction of High Yield Variety (HYV) seeds, which require a timely and assured water supply. About 80% of dry season irrigation and 98% of the drinking water supply has been provided from groundwater (BDP 2100, 2018). The first major irrigation project was started in the early sixties in northwest Bangladesh under Bangladesh Water Development Board (BWDB). Deep Tubewells (DTWs) and Shallow Tubewells (STWs) irrigation were extended rapidly during the late 1970s. Privatization and expansion of minor irrigation and withdrawal of Government subsidies in irrigation equipment led to a very rapid growth of farmer-financed STWs. STW has increased in numbers throughout the country from 133,800 in 985 to about 16,00,000 in 2022 (BADC, 2022). The unconsolidated Pleistocene to Recent fluvial and estuarine sediments underlying most of Bangladesh generally form potential aquifers (BWDB-UNDP, 1982), however, it is not completely sustainable for development.

Over-exploitation is usually the result of irrigation abstraction in rural areas and huge domestic and industrial usage in cities. Annually, an estimated 32 cubic kilometers of groundwater is withdrawn in the country for irrigation (90%), as well as domestic and industrial (10%) purposes (World Bank Group 2019). The Dhaka Water Supply and Sewerage Authority (DWASA) sources 78% of its water supplies from groundwater through a network of about 900 production wells. In several parts of the city, groundwater level has dropped to 80-85 m below the ground surface due to excessive withdrawal than recharge. In addition, about 46,000 manufacturing industries and 50,000 handlooms are in operation, largely dependent on groundwater (BBS 2019). Relentless groundwater abstraction leads rural and urban Bangladesh to

face a water crisis, including the declination of the groundwater table.

This groundwater resource is increasingly facing quality problems in many areas where the exposure to pollution from agriculture, urbanized



Figure 1: Extensive withdrawal of groundwater: groundwater use across the country shows maximum water use in the northern part (World Bank Group 2019) (left); distribution of depths to groundwater level across Bangladesh shows alarming depletion in the central and north-western part (BWDB 2019) (right)



Figure 2: Existence of Arsenic and salinity in groundwater: arsenic concentration in shallow groundwater (left); salinity distribution in the upper aquifer (down to the depth of 100 m) and the main aquifer (the depths between 100-250 m) (right)

areas and industrial sites, arsenic contamination in shallow groundwater, and high salinity in coastal aquifers makes the water unfit for human consumption. With climate change, groundwater balances in many areas would change, bringing in another level of uncertainty. With increasing water scarcity and frequent water-related conflicts, the institutional arrangements governing water resource development, allocation, and management are receiving increasing policy attention. Uncontrolled development of the aquifer could severely limit the usefulness and the productive duration of the aquifer. Hence, research-based assessment and monitoring of groundwater resources in conjunction with surface water are very important. Hydrological data and information analysis and interpretation can guide water resources planning and distribution of water for agriculture, industrial, and water supply usage.

Groundwater Monitoring and Assessment by BWDB

Extensive surveys and monitoring of the hydrogeology and groundwater resources of Bangladesh were begun in the 1960s. The Government of Bangladesh mandates Bangladesh Water Development Board (BWDB) to collect hydrological data over the country has been performing since 1959. The mandate of the Directorate of Ground Water Hydrology of BWDB also includes fundamental data collection related to quantity and quality. The hydrogeological data and information are required for the understanding of groundwater conditions. The more this information, the better the assessment results regarding the aquifers, water levels, hydraulic gradients, flow velocity, and direction, water quality, and simulations of groundwater models. Bangladesh Water Development Board has 1272 groundwater observation wells throughout the country, mostly installed with UNDP assistance for over five decades, mainly at shallow depths (25-50 m). Considering the quality problems in shallow and main aquifers and the necessity to use deep groundwater, BWDB has installed 42 clustered monitoring wells and 510 line wells upto the depth of 350 and 100 m, respectively, in 19 coastal districts under the Bangladesh Climate Change Trust (BCCT) project. Under the ongoing project, funded by the IDA, and the World Bank, 69 clustered monitoring wells have been installed, covering the entire country. Each unit consists of 4 wells having a maximum depth of 300 m. Under the same project, 905 monitoring wells, including all clustered wells, are automated with telemetry for temperature, groundwater level, and electric conductivity i.e., salinity.

Investigation of Groundwater Aquifer Systems

Ground Water Hydrology Divisions of BWDB so far completed over 1500 nos. borehole drilling to explore the aquifer system of Bangladesh by collecting both core and washed sediment samples. The borehole lithologic logs have been verified in many holes by conducting borehole geophysical logging using Gamma and conductivity probes. Based on these investigations, down to about 350m, it depicts that the unconsolidated Miocene to Recent fluvial and estuarine sediments underlying most of Bangladesh form multi-layered aquifers. But except for the Holocene and the Dupi Tila formations of the Plio-Pleistocene age, others are



too deep to consider for groundwater abstraction. The sediments are cyclic deposits of mostly medium to fine sand, silt, and clay. On a regional basis, BWDB-UNDP (1982) described three aquifers; however, these are in many places connected hydraulically (Zahid et al., 2010). BWDB investigated a multi-layered aquifer system in the Coastal Delta down to 350 m. Based on isotopic studies, Aggarwal et al. (2000) classified the water at different depths into four types and made a three-tier division of the aquifers. DPHE-BGS (1999) and DPHE-BGS (2001), with slight adjustments to the BWDB-UNDP (1982) study, also made a three-tier classification of the aquifers zones. Due to arsenic contamination in shallow groundwater and salinity intrusion in upper aquifers, the importance of exploitation of deep groundwater (down to 350-400 m bgl) has been increasing daily.

Determination of Aquifer Hydraulic Properties

Aquifer pumping tests generally serve two main objectives. Firstly, a pumping test is performed to determine the hydraulic characteristics, i.e., transmissivity, storage coefficient, hydraulic conductivity, etc., of aquifers. Secondly, a pumping test provides information about the yield and drawdown of the well. These data can be used to determine the well's specific capacity or discharge drawdown ratio, etc. Ground Water Hydrology offices of BWDB have conducted about 350 constant-discharge aquifer pumping tests throughout the country, starting in the upper aquifers down to about 70-80 m. Under BCCT



Figure 3: Lithologic cross-sections presenting multi-layered aquifer system in different parts of the Bengal Basin, Bangladesh, based on BWDB borehole lithologic logs: (a) Tista Fan in the northwest; (b) Pleistocene Barind Tract in the northwest; (c) Dupi Tila aquifer around Dhaka; (d) Sylhet Basin in the northeast; (e) Deltaic Floodplain in the south-central; (f) Tidal Delta in the southern coast.

project, for conducting 18 deep aquifer pump tests, 18 deep production wells down to the maximum depth of 350 m has been installed by BWDB. 124 slug tests have been conducted to estimate the hydraulic conductivities of aquifer sediment. Different methods were used to analyze aquifer test data considering aquifers as confined or leaky confined in nature. Hydraulic conductivity values estimated by conducting slug tests in the 19 coastal districts of the country range between 1 and 25, 1 and 9, and 1 and 9 m/day for the shallow, the main, and the deep aquifers, respectively, is typical for sandy alluvial aquifers. Transmissivities were estimated between 100-2300, 100-2200, and 100-1600 m2/day. Transmissivity (T) values of deep aquifers (250-350 m bgl) from long duration (up to 72 hours) constant discharge aquifer pump tests conducted by BWDB depict that northern



Figure 4: Groundwater level hydrographs of upper shallow aquifers from different areas of Bangladesh: (a) the lowered water level during dry irrigation period regains it's static water level in monsoon; (b) due to increased abstraction and where potential recharge is lower than actual recharge, the static or highest water level of the previous year declines during monsoon; (c) with increased abstraction, fluctuation of groundwater level has been increased with time; (d) permanent decline of water level is also observed as an alarming rate in urban areas and the Barind tract

floodplain and coastal delta deep aquifers have higher potential with T ranges between 769 and 3224 m2/day. While southern deep aquifers close to the coastal margin show moderate potential with T values between 493 and 916 m2/day, southeast deep aquifers, west of eastern hill ranges, show low potential with T ranges between 144 and 370 m2/day. Storage coefficient values of deep aquifers for all studied areas were estimated between 0.0044 and 0.00016, indicating leaky confined to nature.

Trends of Groundwater Level

Analysis of the groundwater table data, selected from 1272 nos. BWDB groundwater observation wells throughout the country show that groundwater withdrawal from the shallow aquifer for various purposes during dry periods is balanced with the vertical percolation of rainwater and inflow from surrounding aquifers during monsoon when pumping is ceased. A rapid rise in groundwater levels during the early monsoon season indicates rapid recharge, although it may also indicate low specific yield (WARPO, 2000). A period of relatively constant levels during the monsoon means 'aquifer full' conditions. However, in many areas, due to increased abstraction and where potential recharge is lower than actual recharge, the previous year's static or highest water level declines during monsoon. A permanent decline of the water table has been observed in urban areas, in the Barind tract, and to some extent in many other areas due to excessive demand and withdrawal for urban, irrigation, and industrial uses.

Incremental increases in dry-season groundwater pumping for irrigation lower groundwater levels and enhance leakage under the gravity of surface water from rivers, ponds, and canals during the subsequent monsoon. Researchers describe this broad set of recharge pathways induced by dry-season groundwater pumping as 'The Bengal Water Machine' or BWM (Shamsudduha et al. 2023). This study shows that the collective operation of ~16 million smallholder farmers in Bangladesh from 1988 to 2018 has induced cumulative freshwater capture of between 75 and 90 cubic kilometers. However, the research also highlights limitations to the operation of the BWM in areas where induced monsoonal recharge is insufficient to fully replenish groundwater abstracted during the dry season, depleting groundwater storage and rendering groundwater inaccessible to households reliant on shallow

Groundwater as Drinking Water Source, Photo: Internet

wells. Among 465 monitoring well locations, about two-thirds show the non-functionality of the BWM. Therefore, it is vital to assess the suitability of locations for the operation of the BWM to maximize benefits to farmers and minimize the risks of groundwater depletion. The importance of long-term hydrological monitoring to assess the status and trends of the country's groundwater resources is highlighted in this research.

Assessment of Water Quality

Ground Water Hydrology Divisions has a regular program to collect groundwater samples from 117 fixed observation wells to determine water quality. Under the BCCT project, during 2011-2012, dry and wet season groundwater and surface water samples were collected from the installed observation wells (957 Samples) and nearby surface water bodies (139 samples), and analyzed 25 chemical parameters. Both dry and wet season samples were collected from 905 automated wells under the ongoing project during 2020-2021 throughout the country. It is proposed to collect groundwater samples from 110 clustered wells (about 440 samples) in wet and dry periods to assess and monitor the country's groundwater quality regularly. Down to about 336 m depths, most of the groundwater of Bangladesh is generally characterized by circum-neutral pH



Figure 5: Locations of 905 nos. automated groundwater monitoring wells with telemetry for real time data transmission throughout Bangladesh.

Figure 6. Groundwater survey, investigation, assessment and monitoring activities by Bangladesh Water Development Board.

(6.5–8.0), and the oxidation-reduction potential (Eh) generally varies between +200 and −130 mV. The groundwater exhibits low dissolved oxygen concentrations, characteristically high concentrations of iron and manganese, and trace sulfate, representing characteristics of reducing environments.

The groundwater of floodplain is classified into two groups: the Na+–Cl- type and the Na+-Ca2+-Mg2+–HCO3- type. The major ion trends of the Na+–Cl- type groundwaters are Na+>Ca2+>Mg2+>K+, common for all aquifers down to 350 m bgl and Cl->HCO3->SO42-, mainly for deeper and HCO3->Cl->SO42- for shallow samples. In the coastal delta, groundwater samples down to the depth of 200 m, except a few samples on the eastern coast, are classified as Cl--SO42-, Cl--SO42--HCO3-, Na+-Ca2+, Na+-K+ types, dominated by Na+-Cl- and HCO3- types. The presence of Arsenic in groundwater in the Bengal Delta has disturbed the scenarios for its continued and planned use. It has been reported that out of 64 districts 61 are affected more or less. About three million tube wells, installed at shallow depths (10 to 50 m), discharge groundwater with arsenic concentrations more than the Bangladesh drinking water standard of 50 µg/l (DPHE-BGS, 2001). Deep tube well water, with a depth range between 100 and <300 m, contains insignificant or no arsenic concentration. But, these wells often

Groundwater as Drinking Water Source, Photo: Internet

contain high concentrations of iron and manganese. In the coastal zone, the salinity of the upper aquifers (down to 200-250 m depth bgl) is highly variable and changes abruptly over short distances. In most areas, the water is too saline for domestic and irrigation use.

Way Forward

Investigating the aquifer systems, understanding formation behavior, and regularly monitoring groundwater storage and quality are essential for sustainable development and integrated management of water resources. Sustainable use of available safe water, including groundwater, can be planned by analyzing data and information on the components of the hydrologic cycle. In Bangladesh, where groundwater is the principal source of irrigation, industrial, and potable water supply, regular assessment and monitoring of this resource is very important. Matching long-term groundwater withdrawals to recharge is the principal objective of sustainable groundwater resource planning. Maintaining the water balance of withdrawals and recharge is vital for managing human impact on water and ecological resources. Because of the increasing demand for water and to reduce dependency on limited fresh groundwater resources, utilization of available surface water and conjunctive use should be emphasized as per the National Water Policy 1999 and other guidelines of the Government. Groundwater resources that can safely be abstracted from upper and deeper aquifers must be assessed properly.

In the present scenario, the preparation of water budget and water allocation plans are important up to the union level based on available data and information and conducting required surveys and investigations. Appropriate programs and techniques can augment both natural and artificial groundwater recharge (MAR) in groundwater-depleted and water-stressed areas. Integrated water resources management based on proper research and monitoring is an important requirement to protect the values of groundwater. All of these tools can be implemented under the authority of the Water Act 2013 and Water Rules 2018. An individual organization needs to be created or identified for the management and tracking of groundwater resources, i.e., assessment and uses of groundwater resources, preparation of water budget and allocation plans, and monitoring changes in water storage and quality.

Dr. Anwar Zahid, Director (Geology)
Directorate of Ground Water Hydrology
Bangladesh Water Development Board

পানি খাতে সুশাসন প্রতিষ্ঠায় বাংলাদেশ পানি আইন, ২০১৩

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন দেশের পানি সম্পদের সামষ্টিক পরিকল্পনা প্রণয়নে একমাত্র সংবিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান। দেশের সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা, উন্নয়ন ও এর সুষম ব্যবহার নিশ্চিতের লক্ষ্যে ওয়ারপো জাতীয় পানি নীতি ১৯৯৯ এবং জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা ২০০১ প্রণয়ন করেছে। এরই ধারাবাহিকতায় পানি সম্পদের সমন্বিত উন্নয়নের উদ্দেশ্যে ওয়ারপো বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ প্রনয়ন করেছে।

বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর মূল উদ্দেশ্য হচ্ছে পানি সম্পদের সমন্বিত উন্নয়ন, ব্যবস্থাপনা, আহরণ, বিতরণ, ব্যবহার, সুরক্ষা ও সংরক্ষণ করা। এই উদ্দেশ্য বাস্তবায়নে সমগ্র বাংলাদেশের ভূ-পরিস্থ ও ভূ-গর্ভস্থ পানি সম্পদের বর্তমান ও ভবিষ্যৎ ব্যবহার, বৃষ্টির পানির সর্বাত্মক ব্যবহারসহ ভূ-গর্ভস্থ পানির সমন্বিত ব্যবহার, পানির প্রাপ্যতা নিরুপণ, ভূ-গর্ভস্থ পানিধারক স্তর তথা অ্যাকুয়াফারের সর্বনিম্ন আহরণ সীমা নির্ধারণ, পানি সংকটাপন্ন এলাকা নির্ধারণ, পানি সম্পদের অগ্রাধিকারভিত্তিক ব্যবহার, বন্যা প্রবাহ অঞ্চল নির্ধারণ, পানির গুণগত মান নিরুপণ ও জলস্রোতের স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণে ওয়ারপো কাজ করছে। এই কাজগুলো সুচারুভাবে সম্পন্ন করার জন্য পানি সম্পদ সংশ্লিষ্ট সঠিক তথ্য-উপাত্তের প্রয়োজন এবং সকল তথ্য ও উপাত্তের বিজ্ঞানভিত্তিক বিশ্লেষণ সংক্রান্ত হালনাগাদ করাও জরুরী।

বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর কার্যকর প্রয়োগের লক্ষ্যে প্রথমেই প্রয়োজন ভূ-পরিস্থ ও ভূ-গর্ভস্থ পানি সম্পদের প্রাপ্যতা এবং অ্যাকুয়াফারের নিরাপদ আহরণ সীমা নিরুপন করা। টেকসই ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনার জন্য পানির স্তর নীচে নেমে যাওয়া, রিচার্জ ঘাটতি, কিছু কিছু এলাকায় পানি স্তরের অত্যধিক অবনতি, ভূ-পরিস্থ পানির প্রবাহ কমে যাওয়ায় সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা ও মান নিয়ন্ত্রণ প্রয়োজন। ভূ-গর্ভস্থ পানির ক্ষেত্রে গভীর অ্যাকুয়াফার রক্ষার জন্য সম্ভাব্য রিচার্জ এর উপর ভিত্তি করে নিরাপদ উত্তোলন সীমা নির্ধারণ করা প্রয়োজন। ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনার জন্য অগভীর অ্যাকুয়াফার হতে উত্তোলন সীমিত করতে হবে। ভূ-গর্ভস্থ পানি সম্পদের দীর্ঘস্থায়ী ব্যবস্থাপনা কার্যক্রমের প্রস্তুতি, প্রয়োগ এবং মনিটরিং এর জন্য সঠিক মাত্রায় অ্যাকুইফার ম্যাপিং দরকার যা পরবর্তীতে দেশের সুপেয় পানির নিরাপত্তা উন্নত সেচ সুবিধা, টেকসই ভূগর্ভস্থ পানি সম্পদের উন্নয়ন এবং পানি আইনের কার্যকর প্রয়োগে সহায়তা করবে।

এই উদ্দেশ্যে ওয়ারপো প্রাথমিকভাবে উত্তর-পশ্চিমাঞ্চলের বরেন্দ্র এলাকার রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ ও নওগাঁ জেলায় পাইলট ভিত্তিক একটি কারিগরী প্রকল্প বাস্তবায়ন করছে, যা এই বছরের জুন মাসে সমাপ্ত হবে। এই প্রকল্পের আওতায় প্রকল্প এলাকায় অ্যাকুয়াফারের স্থানিক এবং উলম্ব ব্যাপ্তি, ধরণ ও প্রধান অ্যাকুয়াফার নির্ধারণ ও চিহ্নিত করে তথ্য-উপাত্ত সম্বলিত প্রস্তুতকৃত ম্যাপ প্রস্তুত করা হয়েছে, গ্রহণযোগ্য ভূ-গর্ভস্থ পানির উত্তোলন এবং ভূ-গর্ভস্থ পানিধারক স্তরের সর্বনিম্ন নিরাপদ সীমা নিরুপন করা হচ্ছে এবং পানি সম্পদের বর্তমান ও ভবিষ্যৎ প্রাপ্যতা, ব্যবহার, চাহিদা ও পুনর্ভরণের সার্বিক অবস্থা বিবেচনা করে পানি সংকটাপন্ন এলাকা (Water Stress Area) নির্ধারণ করা হবে। এই প্রকল্পের মাধ্যমে বরেন্দ্র এলাকায় বিজ্ঞানভিত্তিক অনুসন্ধানের মাধ্যমে ভূ-গর্ভস্থ পানি সম্পদের নিরাপদ আহরণ নিশ্চিতপূর্বক সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা বাস্তবায়নে দীর্ঘমেয়াদী ও টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করা সম্ভবপর হবে।

বাংলাদেশের অধিকাংশ অঞ্চল পানি সম্পদ ব্যবসহাপনার ক্ষেত্রে সমস্যাপ্রবন অঞ্চল হিসেবে চিহ্নিত। লবনাক্ততা, ভূ-গর্ভস্থ পানিতে আর্সেনিক সমস্যা, উপকূলীয় বন্যা, জলোচ্ছাস, ঘুর্নিঝড়, নদী ভাঙ্গন, সহানিক জলাবদ্ধতা, খড়া, ভূ-গর্ভস্থ পানির স্তর নীচে নেমে যাওয়া, শুষ্ক মৌসুমে উজানে পানির প্রবাহ ক্রমেই কমে যাওয়া, খাবার পানির তীব্র সংকট, গৃহস্থালী কাজে পানি সরবরাহের অভাব ইত্যাদি খুবই প্রকট আকার ধারণ করেছে। শুষ্ক মৌসুমে কৃষি কাজ ও শিল্পে পানি উত্তোলনের ফলে ভূগর্ভস্থ পানি স্তর নীচে নেমে আসছে, আবার বর্ষা মৌসুমে প্রবল বন্যার কারনে নদী ভাঙ্গন ও আকস্মিক বন্যা প্রায়ই দেখা দিচ্ছে। সমন্বিত পানি ব্যবস্থাপনা অনুসরণ না করায় ইতিমধ্যে দেশের পানি সম্পদের, জীববৈচিত্র ও পরিবেশের অনেক ক্ষতি হয়েছে। বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ তে বিভিন্ন অঞ্চলের আর্থসামাজিক বৈশিষ্ট ও প্রাকৃতিক দুর্যোগজনিত ঝুঁকি বিবেচনায় নিয়ে ৬টি হটস্পট (উপকূলীয় অঞ্চল, বরেন্দ্র ও খরাপ্রবণ অঞ্চল, হাওর ও জলাভূমি অঞ্চল, পার্বত্য চট্টগ্রাম অঞ্চল, নদী ও মোহনা অঞ্চল এবং নগরাঞ্চল) নির্ধারণ করা হয়েছে। অঞ্চল এবং সময়ভেদে পানি সম্পদের প্রাপ্যতা ও চাহিদা নির্ধারণে ভূ-গর্ভস্থ এবং ভূ-পরিস্থ পানি সম্পদের গুনগত ও পরিমাণাত্মক বৈজ্ঞানিক বিশ্লেষণ খুবই জরুরী। সেকারনেই বরেন্দ্র এলাকার ন্যায় সারা বাংলাদেশে সমধর্মী প্রকল্প বাস্তবায়নের জন্য ওয়ারপো উদ্যোগ গ্রহণ করেছে। এই প্রকল্পের মাধ্যমে মাঠ পর্যায়ে জরিপ, হাইড্রোলজিক্যাল মডেলিং এবং ষ্টেকহোল্ডারদের সাথে পরামর্শের মাধ্যমে সারা বাংলাদেশে ভূ-গর্ভস্থ ও ভূ-পরিস্থ পানি সম্পদের প্রাপ্যতা, ব্যবহার ও চাহিদার অনুসন্ধানপূর্বক টেকসই পানি সম্পদ ব্যবস্থাপনা সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ণ করা হবে। জনগনের প্রত্যক্ষ অংশগ্রহনের মাধ্যমে এবং আধুনিক তথ্য-প্রযুক্তির সমন্বয়ে সারা দেশের বিদ্যমান পানি সম্পদের ব্যবহার, চাহিদা, উৎস চিহ্নিত করে বিভিন্ন খাত অনুযায়ী (যেমন- সেচ, মৎস্য, শিল্প, গৃহস্থালী প্রভৃতি) ভূ-গর্ভস্থ ও ভূ-পরিস্থ পানি সম্পদের প্রাপ্যতা, ব্যবহার ও চাহিদা সংক্রান্ত উপাত্তভান্ডার প্রস্তুত করা হবে। এই প্রয়োজনীয় তথ্য-উপাত্তের সহায়তায় ওয়ারপো পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র ইস্যুকরণ ও ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তিপত্র প্রদান করার মাধ্যমে বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর কার্যকর প্রয়োগ করে পানি সম্পদের টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করতে অগ্রবর্তী ভূমিকা পালন করবে।

বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ কার্যকর প্রয়োগের পাশাপাশি পানি সম্পদের সমন্বিত উন্নয়ন, ব্যবস্থাপনা, আহরণ, বিতরণ, ব্যবহার, সুরক্ষা ও সংরক্ষণের সম্পর্কে ব্যাপক প্রচার এবং জনসচেতনতা সৃষ্টি করতে হবে। সবাইকে অনুধাবন করতে হবে যে, পানি একটি সীমিত সম্পদ, এবং এর যথেচ্ছ ব্যবহার করা যাবে না। সেচের জন্য ভূ-পরিস্থ পানির ব্যবহারকে উৎসাহিত করতে হবে, ভূ-গর্ভস্থ পানি ব্যবহার হ্রাসের মাধ্যমে এর উপর চাপ কমাতে হবে, ফলে শুষ্ক মৌসুমে সুষ্ঠু পানি ব্যবস্থাপনার পাশাপাশি পরিবেশগত ভারসাম্য রক্ষা করা যাবে। ভূ-গর্ভস্থ ও ভূ-পরিস্থ পানি সম্পদের সমন্বিত ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করলেই টেকসই পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করা যাবে। পানি সম্পদের টেকসই সমন্বিত ব্যবহার নিশ্চিত করতে না পারলে দরিদ্র ও অনগ্রসর জনগোষ্ঠী সুপেয়, গৃহস্থালী ও কৃষি কাজের পানি হতে বঞ্চিত হবে। একমাত্র বাংলাদেশ পানি আইন ও পানি বিধিমালা এর কার্যকর প্রয়োগের মাধ্যমেই দরিদ্র ও অন্যান্য জনগোষ্ঠীর মধ্যে ভূ-গর্ভস্থ পানির সুষম বন্টন নিশ্চিত করা সম্ভব হবে। বাংলাদেশের পানি সম্পদ ব্যবস্থাপনা ও ব্যবহারে সমন্বয় সাধন এবং শৃংখলা প্রবর্তন করে সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করার যে পদক্ষেপ ওয়ারপো গ্রহন করেছে, তাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান, প্রশাসন, সুশীল সমাজ ও জনগনের সম্পৃক্ততা প্রয়োজন। সকলের প্রত্যক্ষ ও সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়িত হলে দেশের পানি সম্পদ খাতে সুশাসন প্রতিষ্ঠিত হবে।

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

Sangu River, Bandarban

National Water Resources Database (NWRD): Central Database of Integrated Water Resources Management

Water Resources Planning Organization (WARPO), since its establishment as Master Plan Organization (MPO) in 1983, has been playing an important role in formulating data-based policies, plans, acts, rules, strategies, guidelines, studies and research on water resources of Bangladesh.

